



আঞ্চলিক তথ্য অফিস, সিলেট



তথ্য অধিদফতর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

তথ্যবিবরণী

নম্বর: ০৬৪

সিলেটে যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস উদযাপন

সিলেট, সোমবার, ০১ পৌষ (১৬ ডিসেম্বর):

সিলেটে যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস উদযাপন করা হয়েছে। আজ সোমবার ১৬ ডিসেম্বর ২০২৪ স্বাধীনতা সংগ্রামের শহিদদেরকে শ্রদ্ধা জানাতে নগরের চৌহাট্টায় কেন্দ্রীয় শহিদ মিনারে সকল শ্রেণি পেশার মানুষের ঢল নামে। মহান বিজয় দিবস পালনের লক্ষ্যে সিলেটে সরকারিভাবে এবং বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে।

শহিদ মিনারে শ্রদ্ধা নিবেদনের মধ্য দিয়ে মহান বিজয় দিবস উদযাপনের আনুষ্ঠানিকতা শুরু হয়। ভোর থেকে জাতির শ্রেষ্ঠ সন্তানদের স্মরণে ফুলেল শ্রদ্ধা নিবেদন করেন শহিদ মিনার বাস্তবায়ন পরিষদ, বিভাগীয় কমিশনার, ডিআইজি, মেট্রোপলিটন পুলিশ কমিশনার, জেলা প্রশাসক, পুলিশ সুপার, এসপি আরআরএফ কমান্ডেন্ট, এসপি এপিবিএন, মুক্তিযোদ্ধা, প্রশাসনের কর্মকর্তা, রাজনৈতিক নেতৃবৃন্দ ও বিভিন্ন সামাজিক-সাংস্কৃতিক সংগঠনের প্রতিনিধিবৃন্দ।

শহিদ মিনার প্রাঙ্গণে বিজয় দিবসের আয়োজন উপলক্ষ্যে নিরাপত্তার ব্যবস্থা জোরদার করেছে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। সকল ভেন্যুতে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েন করে সার্বিক নিরাপত্তা নিশ্চিত করেছে পুলিশ প্রশাসন। শহিদ মিনার এলাকা ছাড়াও নগর জুড়ে আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যদের মোতায়েন করা হয়েছে। এ উপলক্ষ্যে বিভিন্ন কর্মসূচিতে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে বিদ্যুৎ বিভাগকে প্রয়োজনীয় নির্দেশনা দেওয়া হয়েছে।

জেলা প্রশাসন ও জেলা পরিষদের আয়োজনে কবি নজরুল অডিটোরিয়ামে এবং সিটি কর্পোরেশনের আয়োজনে শারদা স্মৃতি ভবনে বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এছাড়া সিলেট জেলা স্টেডিয়ামে কুচকাওয়াজ ও ডিসপ্লে প্রদর্শনী, শিশু একাডেমিতে মুক্তিযুদ্ধ বিষয়ক চিত্রাঙ্কন প্রতিযোগিতা, জেলা ও উপজেলা পর্যায়ে বিজয় মেলা, ক্রীড়া অনুষ্ঠান ও মুক্তিযুদ্ধভিত্তিক আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান, দোয়া ও প্রার্থনা, উন্নতমানের খাবার পরিবেশন, মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র ও প্রামাণ্যচিত্র প্রদর্শনী এবং প্রচারসহ বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়।

#

মাসুদ/ডলি/২০২৪/১৬:২৫ ঘণ্টা

৩৫০/৬, খোজারখলা স্কয়ার, দক্ষিণ সুরমা, সিলেট

সংবাদকক্ষ : ০২৯৯৭৭০১৫৪৩, E-mail : pidsylhet@gmail.com